দৈনিক ইনকিলাব

তথ্য ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 1.9 MAR 1989
পৃষ্ঠা 4 কলাম 1

021
21

# এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

করায় পরিস্থিতির অবনতি ঘটে। এর ফলে ইংরেজী দ্বিতীয়পত্রের পরীক্ষা নির্ধারিত সময়ের ৫৫ মিনিট পড়ে শুরু হয়। দেবীগঞ্জ উপজেলা কেন্দ্রে পুলিশ ও বহিরাগতদের সংঘর্ষে ৩ জন পুলিশ আহত হয়েছে। একজনের অবস্থা আশঙ্কাজনক। সংঘর্ষ চলাকালে পুলিশ ৯ জনকে গ্রেফতার করেছে। এছাড়া উক্ত কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে ৩ জন বহিরাগতের নিকট থেকে ম্যাজিস্ট্রেট ৫শ' টাকা জরিমানা আদায় করে।

চট্টগ্রামে গতকাল পুলিশ-জনতা সংঘর্ষে কুমিল্লা বোর্ডের সহকারী সচিব, ২ জন কলেজ শিক্ষক ও ৬ জন পুলিশসহ শতাধিক ব্যক্তি আহত হয়েছেন।

**পরিদর্শকের অপ্রতুলতা**

বোর্ডের নিয়মানুযায়ী প্রতি ১৬ জন পরীক্ষার্থীর জন্যে ১ জন পরিদর্শক দেয়ার বিধান থাকলেও প্রতি ২০ জনে একজন পরিদর্শক দেয়া হয়েছে।

পরীক্ষার হলগুলোতে ফ্লাইংগার্ড এবং সিক রুমের জন্যে পরিদর্শক রিজার্ভ রাখতে গিয়ে প্রতি ২৫ জন পরীক্ষার্থীর জন্যে একজন পরিদর্শক নিয়োগ করতে হচ্ছে।

এক্ষেত্রে খাতা দেয়া, স্বাক্ষর নেয়া, লুজসীট দেয়া এবং সেলাই কাজ করতে গিয়ে পরিদর্শকদের হিমশিম খেতে হয়।

প্রাপ্ত খবর অনুযায়ী ময়মনসিংহের ত্রিশাল, গফরগাঁও, ভালুকা, দাউদকান্দি (কুমিল্লা) ও হাসানপুর, চুয়াডাঙ্গা জেলার সদর জীবননগর ও দামুরহুদাসহ বেশ কিছু পরীক্ষা কেন্দ্র নকল সরবরাহকারীরা দখল করে নেয়। এসব কেন্দ্রে অনেকক্ষেত্রে পরীক্ষার্থীর পরিবর্তে নকল সরবরাহকারীরা পরীক্ষা দিয়েছে। চুয়াডাঙ্গা জেলার উল্লেখিত কেন্দ্রে সাংবাদিকদের প্রবেশ করতে দেয়া হয়নি। নকল সরবরাহ ও গোলযোগ সৃষ্টির অভিযোগে দেশের বিভিন্ন কেন্দ্র থেকে পুলিশ প্রায় শতাধিক ব্যক্তিকে গ্রেফতার করেছে বলে খবর পাওয়া গেছে।

**ঢাকা বোর্ড**

সাভার, ধামরাই, নারায়ণগঞ্জ নরসিংদী, মানিকগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, গাজীপুর, মাদারীপুর, গফরগাঁও শেরপুর, মির্জাপুর, গোপালগঞ্জসহ অন্যান্য জেলার প্রায় ৭২টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে ৭শ' ৮৭ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**কুমিল্লা বোর্ড**

চাঁদপুর ব্রাহ্মণবাড়ীয়া কুমিল্লা সদর চট্টগ্রাম, দাউদকান্দী, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুরসহ অন্যান্য জেলার ৫২টি কেন্দ্র থেকে নকলের দায়ে প্রায় ৭০০শ' ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**রাজশাহী বোর্ড**

রাজশাহী বোর্ডের রাজশাহী সদর নবাবগঞ্জ, নাটোর, বগুড়া, ঠাকুরগাঁও, কুড়িগ্রাম, নিলফামারী, পঞ্চগড়, রংপুর, গাইবান্ধা, জয়পুরহাট, পঞ্চগড়, লালমনিরহাট, পাবনা, নওগাঁ, সিরাজগঞ্জ, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ ও অন্যান্য জেলার মোট ১৩৫টি কেন্দ্র থেকে নকলের দায়ে প্রায় ১৫শ' ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**যশোর বোর্ড**

যশোর বোর্ডের যশোর সদর, মাগুড়া, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, বরিশাল, সাতক্ষীরা, ঝালকাঠি, পিরোজপুর, ভোলা ও বরগুনাসহ অন্যান্য জেলার প্রায় ১০০টি কেন্দ্র থেকে ৯শ' ৪৫ জন ছাত্র-ছাত্রীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে।